গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০

বিষয় : **স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী ।**

সভাপতি : এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন
তারিখ : ১৪-১১-২০২১ খ্রি:
সময় : বেলা ১:০০ ঘটিকা
স্থান : পরিচালক (প্রশাসন)-এর অফিসকক্ষ।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা ও কর্মচারীকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর উৎপত্তি, কার্যকারিতা, গুরুত্ব ও প্রয়োগ সম্পর্কে সবাইকে অবহিত করেন এবং এই ইউনিট কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ উল্লিখিত কার্যক্রমের গুরুত্ব তুলে ধরেন। অত:পর তিনি ইউনিটের সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফাতেমা জোহরা কে এই ইউনিটের সেবাসমূহের বিস্তারিত কার্যক্রম সমূহের আলোচনা করার অনুরোধ করেন। সভায় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নলিখিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব | ১ম ত্রৈমাসিকে সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| | **নাগরিক সেবাঃ** | | | |
| ১। | নীতি নির্ধারণ ও বাস্তবায়নে সংশ্লিষ্টদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান | বার্ষিক প্রশিক্ষণ প্ল্যান, ২০২১-২০২২ অনুযায়ী নীতি নির্ধারণ ও বাস্তবায়নে সংশ্লিষ্টদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে মোট ৩৯ (উনচল্লিশ) টি প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা রয়েছে। গত জুলাই, ২০২১ থেকে অদ্যবধি সময়ে মোট ২৮টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রমের গতিশীলতা বজায় রাখতে হবে। | উপপরিচালক-১ | ৩৯% |
| ২। | স্বাস্থ্য অর্থনীতি বিষয়ক গবেষণা/ স্টাডির ফলাফল অবহিতকরণ | প্রতি বছরই সম্পাদিত গবেষণা/ স্টাডির ফলাফল অবহিতকরণ সভা/ কর্মশালা/ সেমিনার এর মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে স্টেকহোল্ডারদের অবহিত করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২২ মোতাবেক মোট ১১টি গবেষণা সম্পাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। গত গত জুলাই, ২০২১ খ্রি. থেকে অদ্যবধি এ সংক্রান্ত ৩টি গবেষণার অবহিতকরণ কর্মশালা আয়োজিত হয়েছে। | পরিচালক (গবেষণা) | ২৭.২৭% |
| ৩। | জেন্ডার বিষয়ক গবেষণা/ স্টাডির ফলাফল অবহিতকরণ | প্রতি বছরই সম্পাদিত গবেষণা/ স্টাডির ফলাফল অবহিতকরণ সভা/ কর্মশালা/ সেমিনার এর মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে স্টেকহোল্ডারদের অবহিত করা হয়। এই অর্থবছরে মোট ৪টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। গত জুলাই, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত ২টি কর্মশালা আয়োজিত হয়েছে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ৫০% |
| ৪। | স্বাস্থ্য সেবার মানোন্নয়নে সেবা প্রদানকারীদেরকে ব্যবস্থাপকীয় প্রশিক্ষণ প্রদান | প্রতি বছরই সেবা প্রদানকারীদেরকে ব্যবস্থাপকীয় (Leadership) প্রশিক্ষণ প্রদান করা হয়। করোনা পরিস্থিতির কারণে গত জুলাই, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত কার্যক্রম স্থগিত ছিল। এ | ফোকাল পারসন, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট সেক্রেটারিয়েট | ০% |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সংক্রান্ত কার্যক্রমের গতিশীলতা বজায় রাখতে হবে। | | |
| ৫। | দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য বিনামূল্যে ইনডোর স্বাস্থ্য সেবা প্রদান (ভর্তিকরণ) | টাংগাইল জেলার ৩টি (মধুপুর, ঘাটাইল, কালিহাতি) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসএসকে কার্ড প্রদানের মাধ্যমে দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য বিনামূল্যে ইনডোর স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২২ মোতাবেক মোট ২৬,০০০ জনকে (২০১৬ খ্রি. হতে ক্রমপুঞ্জীভুত) ভর্তি সেবা প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১৬ খ্রি. থেকে অক্টোবর, ২০২১ খ্রি. পর্যন্ত মোট ২৪,৮০৭ জন কে এই সংক্রান্ত সেবা প্রদান করা হয়েছে। | ফোকাল পারসন, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি | ৯৫.৪১% |
| ৬। | দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য বিনামূল্যে ইনডোর স্বাস্থ্য সেবা প্রদান (ভর্তি উত্তর সেবা প্রদান) | টাংগাইল জেলার ৩টি (মধুপুর, ঘাটাইল, কালিহাতি) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসএসকে প্রকল্পের মাধ্যমে দারিদ্রসীমার নিচে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য বিনামূল্যে ইনডোর স্বাস্থ্য সেবা প্রদান (ভর্তি উত্তর সেবা প্রদান) চলমান আছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২২ মোতাবেক মোট ৮ কোটি টাকা (২০১৬ খ্রি. হতে ক্রমপুঞ্জীভুত) মূল্যের ভর্তি উত্তর সেবা প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। ২০১৬ খ্রি. থেকে অক্টোবর, ২০২১ পর্যন্ত মোট ৬.৯৩ কোটি টাকা মূল্যের স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। | ফোকাল পারসন, স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি | ৮৭% |
| ৭। | Public Expenditure Review প্রকাশ | প্রতি ০২ বছর অন্তর অন্তর এই ইউনিটের বিএনএইচএ সেল থেকে PER প্রতিবেদনটি প্রকাশ করা হয়। এ পর্যন্ত মোট ১০টি প্রতিবেদন এই ইউনিটের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। আগামী মাসের মধ্যে PER-XI এর প্রতিবেদনটি অনলাইনে প্রকাশ করা হবে। | ফোকাল পারসন, পিইআর | ৯০% |
| ৮। | Bangladesh National Health Accounts (with different Sub - Accounts) প্রকাশ | প্রতি ০২ বছর অন্তর অন্তর এই ইউনিটের বিএনএইচএ সেল থেকে BNHA প্রতিবেদনটি প্রকাশ করা হয়। এ পর্যন্ত মোট ৫টি প্রতিবেদন এই ইউনিটের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। আগামী মাসের মধ্যে BNHA-VI এর প্রতিবেদনটি অনলাইনে প্রকাশ করা হবে। | ফোকাল পারসন, বিএনএইচএ | ৯০% |
| | **প্রাতিষ্ঠানিক সেবাঃ** | | | |
| ৯। | স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্টদের সামাজিক স্বাস্থ্য বীমা সম্পর্কে উদ্বুদ্ধকরণ | এই সংক্রান্ত কার্যক্রম বিভিন্ন সভা/ প্রশিক্ষণ/ কর্মশালা এর মাধ্যমে চলমান আছে। মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে ইতোমধ্যে যোগাযোগ শুরু হয়েছে। স্বাস্থ্য বীমা প্রতিষ্ঠানসমূহ, সরকারি ও বেসরকারি হাসপাতালসমূহের সাথে এ সংক্রান্ত ৪টি সভা গত জুলাই, ২০২১ থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে আয়োজন করা হয়েছে। | উপপরিচালক- ৩ | ৫০% |
| ১০। | মানসম্মত স্বাস্থ্য সেবার জন্য প্রয়োজনীয় টুলস/ প্রটোকল/ গাইডলাইন প্রস্তুতকরণ | কর্মশালা/ যোগাযোগের মাধ্যমে এই পর্যন্ত মোট ২০টি টুলস/ প্রটোকল/ গাইডলাইন প্রস্তুত করা হয়েছে। প্রয়োজন সাপেক্ষে আরও প্রস্তুত করা হবে। এই অর্থবছরে QI Strategic Book টি রিভিউ করে চড়ান্ত করার লক্ষ্যমাত্রা রয়েছে। এজন্য একটি সভা গত ০৭-০৯-২০২১ খ্রি. তারিখে আয়োজিত হয়েছে। আগামী ২৫ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখ ১টি সভা আয়োজন করা হবে। | উপপরিচালক- ৪ | ৫০% |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | স্বাস্থ্য ব্যবস্থায় জেন্ডার বান্ধব পরিবেশ সৃষ্টিতে ও যথাযোগ্য পদক্ষেপ গ্রহণে নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, ব্যবস্থাপক, সেবাপ্রদানকারী ও অন্যান্য স্টেকহোল্ডারদের সহায়তা প্রদান | প্রটোকল/ গাইডলাইন/ প্রশিক্ষণ/ কর্মশালার মাধ্যমে এই সংক্রান্ত কার্যক্রম পরিচালিত হয়। এই অর্থবছরে এ সংক্রান্ত মোট ৫-৮টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। গত জুলাই - অক্টোবর, ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আগামী ২৪-২৫ নভেম্বর, ০১-০২ ও ০৫-০৬ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখে অনলাইনে GOV Service Data Management শীর্ষক ৩টি প্রশিক্ষণের আয়োজন করা হবে। এ সংক্রান্ত কার্যক্রমের গতিশীলতা বজায় রাখতে হবে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ২৫% |
| ১২। | স্বাস্থ্য সেবা প্রদানকারী ও সংশ্লিষ্টদের জেন্ডার সংবেদনশীল প্রশিক্ষণ প্রদান | বার্ষিক প্রশিক্ষণ প্ল্যান, ২০২১-২০২২ অনুযায়ী মোট ১৮১ জন স্বাস্থ্য সেবা প্রদানকারী ও সংশ্লিষ্টদের কে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। গত জুলাই - অক্টোবর, ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ৪৪ জনকে এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী মাসে রংপুর, খুলনা ও রাজশাহীতে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার পরিকল্পনা রয়েছে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ২৪% |
| ১৩। | জেন্ডার সংবেদনশীল বাজেটিং ও রিপোর্টিং প্রবর্তনে উদ্বুদ্ধকরণ | উদ্বুদ্ধকরণ/ যোগাযোগ/ প্রশিক্ষণের মাধ্যমে এই সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। এই অর্থবছরে এ সংক্রান্ত মোট ২টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। গত ৫-৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে এই ইউনিটের সভাকক্ষে ১টি প্রশিক্ষণ আয়োজিত হয়েছে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ৫০% |
| ১৪। | জেন্ডার মূলধারাকরণে স্টেকহোল্ডার, সুশীল সমাজ, বেসরকারী সংস্থার সাথে অর্থবহ সংলাপ করা | চাহিদা মোতাবেক/ ওয়ার্কশপ/ যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। এই অর্থবছরে এ সংক্রান্ত মোট ৮টি ওয়ার্কশপ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। অক্টোবর, ২০২১ খ্রিঃ পর্যন্ত এ সংক্রান্ত মোট ২টি ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ২৫% |
| ১৫। | এনজিও বিষয়ক ব্যুরো হতে প্রেরিত স্বাস্থ্য সম্পর্কিত প্রকল্প প্রস্তাবের উপর মতামত প্রদান | গঠিত কমিটি এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য প্রতিমাসে ১টি করে সভা আয়োজন করে। নির্ধারিত ছকে প্রণীত প্রকল্প প্রস্তাবনা সভায় মূল্যায়নের করা হয়। গত জুলাই - অক্টোবর, ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। | সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ২৫% |
| | **অভ্যন্তরীণ সেবাঃ** | | | |
| ১৭। | প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদন | ইউনিটে প্রয়োজন মাফিক বিনামূল্যে প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করা হয়। এ সংক্রান্ত কোন প্রয়োজনীয় কাগজপত্র প্রযোজ্য নয়। গত জুলাই থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত সব কার্যাবলী সম্পন্ন হয়েছে। সর্বদা চার্টারে উল্লিখিত দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক এবং সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ১০০% |
| ১৮। | বার্ষিক বেতন বৃদ্ধি/ সিলেকশন গ্রেড/ টাইম স্কেল/ উচ্চতর গ্রেড প্রদান (নন-গেজেটেড কর্মচারিদের ক্ষেত্রে) | নন-গেজেটেড কর্মচারিদের ক্ষেত্রে আবেদন পাওয়ার পর কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে সরকারি আদেশ জারি করতে হবে। এর জন্য সাদা কাগজে আবেদনসহ হালনাগাদ বার্ষিক গোপনীয় প্রতিবেদন দাখিল করতে হবে। আবেদন প্রাপ্তির পরবর্তী দ্রুততম সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। নন-গেজেটেড কর্মচারিদের ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধি/ সিলেকশন গ্রেড/ টাইম স্কেল/ উচ্চতর গ্রেড বিনামূল্যে প্রদান করা হয়। গত জুলাই থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত সব কার্যাবলী সম্পন্ন হয়েছে। | উপপরিচালক-১ এবং সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ১০০% |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | নন-গেজেটেড কর্মচারিদের ক্ষেত্রে অর্জিত ছুটি/ বহি:বাংলাদেশ অর্জিত ছুটি/ শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর এবং গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে অগ্রায়ন | নন-গেজেটেড কর্মচারিদের ক্ষেত্রে সাদা কাগজে আবেদনসহ নির্ধারিত ফরম (বাংলাদেশ ফরম নম্বর ২৩৯৫) ও হিসাব শাখা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট হতে ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন পাওয়ার পর ছুটি বিধি অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অনধিক ১০ কর্মদিবসের মধ্যে সরকারি আদেশ জারি করতে হবে। গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে সিএও (স্বাস্থ্য) এর দপ্তর হতে ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র সহ অগ্রায়ন করতে হবে। গত জুলাই থেকে সেপ্টেম্বর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত সব আবেদন নিষ্পত্তি করা হয়েছে। | উপপরিচালক-১ এবং সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট | ১০০% |
| ২০। | মাসিক বেতন বিল, উৎসব ভাতা, নববর্ষ ভাতা, ভ্রমণ বিল, সরবরাহ ও সেবার বিল, সরকারি ঋণ/ অগ্রিমের বিল ও অন্যান্য আর্থিক দাবীর বিল পরিশোধ | সংশ্লিষ্ট সকল প্রমাণক কাগজপত্রসহ যথাযথ স্বাক্ষরযুক্ত বিল/ আর্থিক দাবী দাখিল সাপেক্ষে এবং প্রযোজ্য ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন ও মঞ্জুরী আদেশ জারীর পর সিএও (স্বাস্থ্য) এর কার্যালয় কর্তৃক বিল পাশ ও ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার সিস্টেম চালু হবার পূর্বে চেক প্রাপ্তির পর ০৩ কর্মদিবসের মধ্যে হস্তান্তর, ক্ষেত্রবিশেষে নতুন চেক ইস্যু/ নগদে পরিশোধ করা হতো। বর্তমানে সিএও (স্বাস্থ্য) এর কার্যালয় কর্তৃক বিল পাশ হবার সাথে সাথেই ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার সিস্টেম এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবেই তা কর্মকর্তার একাউন্টে প্রেরিত হয়। এ সংক্রান্ত কার্যক্রম বিনামূল্যে সম্পন্ন করা হয়। গত জুলাই থেকে অক্টোবর, ২০২১ খ্রি. সময়ে এ সংক্রান্ত সব দাবী নিষ্পত্তি করা হয়েছে। এ সংক্রান্ত কার্যাবলী সর্বদা চার্টারে উল্লিখিত দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক- ২ | ১০০% |

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-১১-২১

(এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন)
পরিচালক (প্রশাসন) ও
সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

স্মারক নং- ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০১.১৯.

তারিখঃ ১৪-১১-২০২১ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সেবা প্রদান প্রতিশ্রুতি/ সিটিজেন চার্টার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রোগ্রাম ম্যানেজার, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৩। পরিচালক (প্রশাসন/ গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৪। উপপরিচালক (১/ ৩/ ৪)/ সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৫। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (কিউআইএস/ এসএসকে/ বিএনএইচএ সেল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাসেবি, স্বাপকম।
৬। সংযুক্ত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৮। প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ ওপি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৯। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।

১০। হিসাবরক্ষক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
১১। অফিস কপি।

(ফাতেমা জোহরা)
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) ও
ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার

অনুলিপি :

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।